# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

**নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জানুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |
| তারিখ ও সময় | ঃ | ২৫-০১-২০২২ খ্রিঃ, বেলা ১২.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি অনলাইনে সংযুক্ত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে বর্তমানে রবি/২০২২ খ্রি : মৌসুমে মাঠে শাকসবজি, ডাল ফসলসহ প্রায় ৮০০০ হে: জমিতে বোরো ধান আবাদ হয়েছে বোরো আবাদ আরো বাড়বে। মাঠের ফসল এখনো ভালো আছে, মাঠে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়াও তিনি বলেন সেচ মিটার সংযোগ না পাওয়ায় সেচ কার্যক্রম ব্যাহত হচ্ছে। দ্রুত সেচ মিটার সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | সেচ মিটার সংযোগ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) উপজেলা কৃষি অফিসার।<br>গ) আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)<br>(ঘ) ডিজিএম, পল্লী বিদ্যুৎ |
| ৩। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, করোনাকালীন জনসাধারণকে সেবা প্রদানের লক্ষ্যে তার অফিস সবসময় খোলা আছে। তিনি বলেন আগামী ফেব্রুয়ারি মাসে প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার অনুরোধ করেন। | করোকালীন খামারীদের যথাযথ সেবা প্রদানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/তার প্রতিনিধি সভায় জানান যে তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৬। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে নীতিমালা অনুযায়ী বই বিতরণ করা হয়েছে। করোনা বেড়ে যাওয়ায় সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সকল বিদ্যালয়ে শ্রেণী কার্যক্রম বন্ধ রয়েছে। তিনি বলেন নুরানী মাদ্রাসা/কেজি স্কুলগুলো যাতে খোলা না থাকে সেবিষয়ে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জনানা। | করোনাকালীন সরকারি সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম বন্ধ আছে। যেসকল শিক্ষা প্রতিষ্ঠান সরকারি নীতিমালা লঙ্গন করছে; তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ<br>খ) অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা<br>গ) চেয়ারম্যান, সকল ইউপি |
| ৮। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সভায় জানান যে অবৈধ জাল অপসারণ অপারেশন ৩০ ডিসেম্বর-০৫ জানুয়ারি, ১৪ জানুয়ারি-২১ জানুয়ারি, ২৮ জানুয়ারি-৩ ফেব্রুয়ারি, ১৩ ফেব্রুয়ারি-২০০ ফেব্রুয়ারি এবং ০১ নভেম্বর -৩০ জুন পর্যন্ত। জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু করা হয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানগণের | সরেজমিন যাচাই-বাছাইক্রমে জেলেদের তালিকা হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি |

| | | |
|---|---|---|
| উপস্থিতিতে সিরাজপুর, চরকাঁকড়া, চরপার্বতী, চরহাজারী ও রামপুর ইউনিয়নের এর হালনাগাদ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ২৩ পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্প ট্রিটমেন্ট, ওভার হ্যান্ড ট্যাংক ও এসটিপি এর কাজ চলমান আছে। পানি সরবরাহে আর্সিনিক ঝুকি নিযসন প্রকল্প অত্র উপজেলায় আর্সেনিক স্থীনিং কাজ চলমানন আছে। তিনি বলেন PEDP-4 প্রকল্প হতে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় Wash Block ও পানির উৎসের কাজ চলমান আছে। এছাড়াও ১৫টি সোলারের সাহায্যে পানি বিশুদ্ধকরণ ইউনিট স্থাপন করা হয়েছে। তিনি বলেন সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্প হতে ২০৮টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে এবং পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প হতে পূর্বে খননকৃত ১০টি পুকুরে ১১টি পিএসই স্থাপন কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১১। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিদ্যালয় পর্যায়ে ৬ষ্ঠ-৯ম শ্রেণী এবং মাদ্রাসা পর্যায়ে ১ম-৯ম শ্রেণী পর্যন্ত সরকার কর্তৃক সরবরাহকৃত বিনামূল্যে সর্বমোট ২৮০০০০টি বই বিতরণ করা হয়েছে। তিনি বলে মোট ১৭৮৮ জনকে করোনার ভ্যাকসিন প্রদান করা হয়েছে এবং ১২-১৮ বছর বয়সী ২২১৩৮ জন শিক্ষার্থীকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। | বই বিতরণ ও ভ্যাকসিন প্রদানসহ যাবতীয় বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৫। বন বিভাগ ঃ রেঞ্জ অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকা এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ |
| ১৬। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্পের আওতায় ওয়াস্ট ম্যানেজমেন্ট, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ২০২১ শীর্ষক জরিপ কার্যক্রম ২০ জানুয়ারী/২০২১ হতে ২৪ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত চলবে। উক্ত জরিপের আওতায় অত্র উপজেলায় ৮টি প্রতিষ্ঠানে তথ্য সংগ্রহ করা হবে। উক্ত জরিপে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | জরিপ কার্যক্রম যথাযথভাবে করার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৭। সহকারী প্রোগ্রামার ঃ ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, উপজেলায় ২৫ জন কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ৩দিন ব্যাপী ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়। | ওয়েব পোর্ট হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার<br>২। সকল দপ্তর প্রধান। |
| ১৮। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, আমন সংগ্রহ (চাল) লক্ষ্য মাত্রা-৫৬৭.০০০ মে:টন। এই পর্যন্ত সংগ্রহ করা হয়েছে ৩৪৯.০০০ মে: টন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক আমন সংগ্রহ (চাল) সংগ্রহণের লক্ষ্য মাত্রা অর্জনের এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯। বিএডিসি বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২০। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২১। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদুৎ) সভায় জানান বেসরকারি অফিসের বিদ্যুৎ বিল বকেয়া আছে। বকেয়া বিল পরিশোধ করার জন্য সকল দপ্তর প্রধা কে অনুরোধ করেন। এছাড়া কোথাও কোন অবৈধ সংযোগ থাকলে তথ্য দেয়ার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। | বকেয়া বিদ্যুৎ পরিশোধ/আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং প্রাকৃতিক/যান্ত্রিক সমস্যা না থাকলে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদুৎ) |
| ২২। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় সভায় সংযুক্ত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | আগামী সভায় সংযুক্ত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |

| | | |
|---|---|---|
| ২৩। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br><br>(ক) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় অনুমোদনকৃত প্রকল্প সমূহের দরপত্র আহবান প্রক্রিয়াধীন।<br>(খ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলায় পরিষদ পাবলিক লাইব্রেরি কাম সাংস্কৃতিক কেন্দ্র ১তলা বিশিষ্ট ফাউন্ডেশনে ১তলা ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত হই। তৎপ্রেক্ষিতে দরপত্র আহবানের করে ঠিকাদার নির্বাচন করা হয় এবং ৫৭,০০২৭০.৭৫ টাকায় চুক্তি সম্পাদন করা হয়। পরবর্তীতে চেয়ারম্যান মহোদয়ের নিদের্শনা অনুয়ায়ী ফাইন্ডেশন পরিবর্তন হওয়ায় তিনতলা বিশিষ্ট ফাউন্ডেশনে ১তলা ভবন বাস্তবায়নের লক্ষ্যে সংশোধিত প্রাক্কলন অনুযায়ী ৬৫,৫২,১৬২.৭৯ টাকায় চুক্তিপত্র সম্পাদন করার জন্য প্রস্তাব করা হয়। | ক) দ্রুত দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন পূর্বক কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতি ভবনটি সংশোধিত চুক্তিপত্র অনুয়ায়ী দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) উপজেলা প্রকৌশলী |
| ২৪। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল এবং পরিষদ ভবনের একটি কক্ষ রংকরণের বিল সভায় উপস্থাপন করা হয়।<br><br>(খ) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ পালন করার জন্য সরকারি বরাদ্দ না থাকলে উপজেলা পরিষদ হতে ব্যয় নির্বাহের জন্য আলোচনা করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল এবং পরিষদের একটি কক্ষ রংকরণের বিল রাজস্ব তহবিল হতে ব্যয়ের উপজেলা পরিষদ হইতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) সরকারির বরাদ্দ না থাকলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২২ এর ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) উপজেলা পরিষদ এর জীপ গাড়ীটি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

২৭ মাঘ ১৪২৮

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.১৮- ১৬২৩ তারিখ ঃ -------------------- ।

১০ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। যুগ্ম সচিব, পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ঢাকা।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]

০৬। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৮। উপজেলা ...................................................... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৯। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১০/০২/২০২২

মোঃ জিয়াউল হক মীর
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০৩২২৩-৫৬২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd